দৈনিক জনকণ্ঠ

তারিখ ...14 DEC 1998 ... ...
পৃষ্ঠা ২ কলাম ৩......

# চট্টগ্রাম ভার্সিটির শিক্ষক সমিতির নির্বাচনে গোলাপী পূর্ণ প্যানেলে জয়ী

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচনে মুক্তিযুদ্ধ ও প্রগতিশীল চেতনায় বিশ্বাসী গোলাপী দল পূর্ণ প্যানেলে জয়লাভ করেছে। একই সাথে বাংলাদেশী জাতীয়তাবাদ ও ইসলামী মূল্যবোধে বিশ্বাসী সাদা প্যানেল দীর্ঘ এক দশক পর শিক্ষক সমিতি থেকে তাদের প্রতিনিধিত্ব হারিয়েছে। শনিবার অনুষ্ঠিত শিক্ষক সমিতি কার্যকরী পরিষদের এ নির্বাচনে ১১টি পদের মধ্যে গোলাপী প্যানেল সব ক'টি পদ লাভ করেছে।

সভাপতি পদে গোলাপী প্যানেলের প্রার্থী বাণিজ্য অনুষদের ডিন অধ্যাপক মঞ্জুর মোর্শেদ মাহমুদ ২২৫ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তাঁর প্রতিদ্বন্দ্বী সাদা প্যানেলের প্রার্থী অধ্যাপক মোহাম্মদ শামসুদ্দিন পেয়েছেন ১৪০ ভোট। নির্বাচনে তুমুল প্রতিদ্বন্দ্বিতা হয়েছিল সাধারণ সম্পাদক পদের জন্য। এ পদে গোলাপী প্যানেলের প্রার্থী ডঃ মমতাজ উদ্দিন পাটোয়ারী ১৯০ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। তাঁর প্রতিদ্বন্দ্বী সাদা প্যানেলের প্রার্থী ও শিক্ষক সমিতির সাবেক সাধারণ সম্পাদক অধ্যাপক ডঃ আনম মুনীর আহমদ চৌধুরী পেয়েছেন ১৮৭ ভোট। গোলাপী প্যানেলের নির্বাচিত অন্য প্রার্থীরা হচ্ছেন সহ-সভাপতি পদে অধ্যাপক মোঃ শামসুদ্দিন (পরিসংখ্যান), কোষাধ্যক্ষ পদে অধ্যাপক মনীন্দ্রকুমার রায় (পরিসংখ্যান) ও যুগ্ম সম্পাদক পদে মাইনুল হাসান চৌধুরী (হিসাববিজ্ঞান)। একই প্যানেল থেকে সদস্য পদে নির্বাচিতরা হচ্ছেন অধ্যাপক মোঃ আসলাম ভূইয়া (সমাজতত্ত্ব), মোঃ আবদুল্লাহ মামুন (ব্যবস্থাপনা), অধ্যাপক মোঃ রশীদ (আরবী ও ইসঃ স্টাডিজ), অধ্যাপক মোঃ শামসুল আলম (বাংলা), ডঃ মুহাম্মদ শহীদুল ইসলাম (ভূগোল) ও মাহবুবুর রহমান (উদ্ভিদবিদ্যা)। বিশ্ববিদ্যালয়ের ৪৮৩ শিক্ষকের মধ্যে ৩৮৯ জন ভোট প্রদান করেছেন।